



বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
প্রকল্প পরিচালকের কার্যালয়
'জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক স্থাপন (১২ টি জেলায়)' প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
www.bhtpa.gov.bd

স্মারক নম্বরঃ ৫৬.০২.০০০০.০২৪.২৫.০৭২.২১- ০৭৫

তারিখঃ ১৮ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
০৯ নভেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

অনলাইন প্রশিক্ষণ এবং শিক্ষা সফর (জাপান) সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন 'জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক স্থাপন (১২ টি জেলায়)' শীর্ষক প্রকল্পের আওতায় IT Fundamental, IT Security, Artificial Intelligence (AI), Internet of Things (IoT), Block Chain, 5G, Digital Transformation (DX) ইত্যাদি বিষয়ে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে Electronic & Telecommunication Engineering (ETE) / Electrical & Electronics Engineering (EEE) / Computer Science & Engineering (CSE) / Electrical & Computer Engineering (ECE)/ Information & Communication Technology (ICT)/ Information Technology (IT)/ Software Engineering (SE)/ Computer Science (CS)/ Mechatronics বিষয়ে গ্রাজুয়েটকে জাপানের স্বনামধন্য ইন্সটিটিউট কর্তৃক অনলাইন প্রশিক্ষণ প্রদান করা হবে। অনলাইন প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্য থেকে মেধার ক্রমানুসারে কিছু সংখ্যক প্রশিক্ষনার্থীকে জাপানে ০১ সপ্তাহের শিক্ষা সফরে প্রেরণ করা হবে। এ উদ্দেশ্যে ১০০ জনের একটি প্যানেল তৈরি করা হবে। অতিরিক্ত আরো ১০০ জনকে অপেক্ষমান তালিকায় রাখা হবে। এমতাবস্থায়, নিম্নোক্ত বিষয় ও শর্তে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছেঃ

ক্র. নং	প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণকালীন সুবিধা	যোগ্যতা
১	IT Fundamental; IT Security; Artificial Intelligence (AI); Internet of Things (IOT); Block Chain; 5G; Digital Transformation (DX) etc.	প্রশিক্ষণ ফি প্রকল্প থেকে মেটানো হবে।	ক) অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে ETE/ EEE/ CSE /ECE/ ICT/ IT/ SE/ CS/ Mechatronics বিষয়ে গ্রাজুয়েট। খ) ন্যূনতম CGPA 3.00 out of 4.00

প্রশিক্ষণের সম্ভাব্য সময়সূচিঃ

- ১। অনলাইন প্রশিক্ষণ শুরু: ১লা জানুয়ারি, ২০২২ (সম্ভাব্য);
- ২। দৈনিক সময়সূচী: সোম-শুক্র (সকাল ৮.০০ ঘটিকা – বিকাল ৩.০০ ঘটিকা);
- ৩। প্রশিক্ষণের মেয়াদ: অনধিক ৩ (তিন) মাস।

শর্তাবলীঃ

- ১। আগ্রহী সকল প্রার্থীকে অনলাইনে <https://erecruitment.bcc.gov.bd> ওয়েবসাইটের মাধ্যমে আগামী ০২/১১/২০২১ খ্রি. তারিখ হতে ১৬/১১/২০২১ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিঃ এর মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না;
- ২। ৩১ ডিসেম্বর, ২০২১ খ্রি. তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর হতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;
- ৩। অনলাইনে আবেদনের জন্য <https://erecruitment.bcc.gov.bd> ওয়েব সাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যিক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনকারীর ই-মেইলে erecruitment কর্তৃক ভেরিফিকেশন লিংক এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ই-মেইল এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় ধাপসমূহ সম্পন্ন করতে হবে (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েব সাইট হতে নিবন্ধন ও আবেদন গাইডলাইন অনুসরণ করতে হবে);
- ৪। Online-এ আবেদনের নির্ধারিত স্থানে প্রার্থীর রজিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB;
- ৫। আবেদনকারীগণকে পরীক্ষার ফি বাবদ ১১২/- (একশত বারো) টাকা ডাক বিভাগের নগদ, DBBL Mobile Banking (Rocket) অথবা bKash- এর মাধ্যমে (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) জমা দিতে হবে;
- ৬। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে;

- ৭। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;
- ৮। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে;
- ৯। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে;
- ১০। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে দাখিলকৃত Application Form এর ফটোকপিসহ নিম্নোক্ত পত্রাদির মূলকপি প্রদর্শন করতে হবে এবং ছায়ািলিপি জমা দিতে হবেঃ
- ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙিন ছবি;
- খ) সকল শিক্ষাগত যোগ্যতার ফটোকপি;
- গ) নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
- ১১। পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য যথাসময়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে এসএমএস এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.bhtpa.gov.bd) এর মাধ্যমে জানানো হবে;
- ১২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রশিক্ষণার্থীর সংখ্যা প্রয়োজনীয়তার নিরিখে হ্রাস/বৃদ্ধি হতে পারে;
- ১৩। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না;
- ১৪। বিজ্ঞপ্তিটি বাংলাদেশ হাই-টেক পার্কের ওয়েবসাইট (www.bhtpa.gov.bd) থেকেও ডাউনলোড করা যাবে;
- ১৫। এ বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

২০/১১/২০১৫

(এ, কে, এ, এম, ফজলুল হক)

প্রকল্প পরিচালক

‘জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক স্থাপন

(১২ টি জেলায়)’ প্রকল্প

ফোনঃ ০২-৫৫০০৬৮৬৫